গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর–১১১

**পণ্য ও সেবার মতো সমাজের মান নিশ্চিত হওয়াও জরুরি**
**- বিভাগীয় কমিশনার**

রাজশাহী; ২৯ আশ্বিন (১৪ অক্টোবর):

রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেছেন, পণ্য ও সেবার মান নিশ্চিত হওয়া যেমন জরুরি তেমনই জরুরি হচ্ছে সমাজের মান ঠিক থাকা। ফুটপাতের মান হচ্ছে সেখানে ফুচকার দোকান বসবে না। আমরা যদি ফুটপাত দিয়ে হাঁটতে না পারি তার মানে ফুটপাতের মান ঠিক নেই।

আজ (১৪ অক্টোবর) সকালে বিশ্ব মান দিবস উদযাপন উপলক্ষে রাজশাহী বিভাগীয় কমিশনার সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। রাজশাহী বিএসটিআই বিভাগীয় কার্যালয় এ আলোচনা সভার আয়োজন করে।

বিভাগীয় কমিশনার মৌখিক পরীক্ষা গ্রহণে তাঁর বাস্তব অভিজ্ঞতা তুলে ধরে বলেন, বিজ্ঞানের কোনো ছাত্র সর্বোচ্চ ডিগ্রি অর্জনের পর তার বিষয়ের মৌলিক সূত্রগুলো যদি বলতে না পারে তার মানে ওই ছাত্রের মান ঠিক নেই। সব ক্ষেত্রে মান ঠিক করার জন্য আমাদের অনেক কিছু করার আছে এমন মন্তব্য করে তিনি এজন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিএসটিআইয়ের পরিচালক জহুরা সিকদার। তিনি বলেন, আজ বিশ্বের ১৭৪টি দেশে একযোগে মান দিবস পালন করা হচ্ছে। মান নিয়ন্ত্রণ করা হয় মানুষ ও পরিবেশের নিরাপত্তা নিশ্চিত করার জন্য। আন্তর্জাতিক মান অর্জন ছাড়া আমাদের দেশে শিল্পের বিকাশ সম্ভব নয়।

তিনি জানান, যেকোনো উৎপাদক তার পণ্যের মান নির্ধারণের জন্য বিএসটিআই বরাবর আবেদন করলে বিএসটিআইয়ের পক্ষ থেকে মান নির্ধারণ করে দেওয়া হয়। বিএসটিআইয়ের মান সনদ নিয়েই বাংলাদেশের বেশ কিছু কোম্পানি বিশ্বের অনেক দেশে পণ্য রপ্তানি করছে।

রাজশাহী বিএসটিআইয়ের পরিচালক জহুরা সিকদার এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতার ও রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি মাসুদুর রহমান রিংকু।

সভায় মান নিয়ন্ত্রণের জন্য আইন প্রয়োগের পাশাপাশি সচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করা হয়। উল্লেখ্য যে, পণ্য এবং সেবার মানের বিষয়ে সচেতনতা তৈরিতে প্রতি বছর বিশ্বব্যাপী এ দিবসটি পালন করা হয়। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'A Shared Vision for a better World - Standards for SDGs' অর্থাৎ 'সমন্বিত উদ্যোগে টেকসই উন্নত বিশ্ব বিনির্মাণে মান'।

.................................................................
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/১৪:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd